**উপজেলা সমাজসেবা কার্যালয়, কালিয়াকৈর, গাজীপুর এর অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী: জুলাই ২০২২ খ্রি:**

সভাপতি ঃ জনাব মিজানুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।

ও

সভাপতি, উপজেলা সমাজসেবা কার্যালয়, কালিয়াকৈর, গাজীপুর এর অভ্যন্তরীন মাসিক সমন্বয় সভা কমিটি।

সভার স্থান ঃ উপজেলা সমাজসেবা অফিসারের কক্ষ, কালিয়াকৈর, গাজীপুর।

সভার তারিখঃ ২১/০৭/২০২২ খ্রি.।

সভার সময় ঃ ২.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দের নামের তালিকা 'ক' সংযুক্ত।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সহকারী সমাজসেবা অফিসার ও সদস্য সচিব উপজেলা সমাজসেবা কার্যালয়ের অভ্যন্তরীন মাসিক সমন্বয় সভার আলোচ্য বিষয় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ সভায় গৃহীত ও অনুমোদিত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ০১ | বিগত ০৮/০৬/২০২২ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং এই বিষয়ে সভার সম্মানীত সদস্যদের কোন আলোচনা বা সংশোধন বা পরিমার্জন আছে কিনা মর্মে জানতে চাওয়া হয়। | বিগত ০৮/০৬/২০২২ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কোনরূপ সংশোধন না থাকায় ০৮/০৬/২০২২ খ্রিঃ তারিখের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।<br>২। সহকারী সমাজসেবা অফিসার, কালিয়াকৈর, গাজীপুর ও সংশ্লিষ্ট সকল |
| ০২ | **ইউনিয়ন সমাজসেবা অফিস সম্পর্কে আলোচনা:** সভাপতি সভাকে জানান যে, তৃণমূল পর্যায়ে জনসাধারণকে One Stop Service প্রদানের লক্ষ্যে, স্থানীয় সরকার আইন (ইউনিয়ন পরিষদ) আইন ২০০৯ এর ধারা ৬৩, তৃতীয় তফসিল এবং স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পত্রের নির্দেশ মোতাবেক ইতোমধ্যে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে ইউনিয়ন সমাজসেবা অফিসের কার্যক্রম পরিচালনার জন্য ০১ টি কক্ষ প্রদানের নিমিত্ত ইউপি চেয়ারম্যান বরাবর পত্র প্রদান করা হয়েছে। সকল ইউনিয়ন সমাজকর্মীর কাছে রুম বরাদ্দ পেয়েছেন কিনা তা জানতে চান। মোসাঃ সালমা আক্তার, ইউনিয়ন সমাজকর্মী জানান যে, আঠাবহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ০১ টি কক্ষ বরাদ্দ প্রদান করেছেন। অন্যান্য ইউনিয়ন সমাজকর্মীরা জানান যে, তারা রুম বরাদ্দের ব্যাপারে চেয়ারম্যানদের সাথে আলোচনা করে ব্যবস্থা নিবেন। | আঠাবহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানকে ধন্যবাদ প্রদানপূর্বক বরাদ্দ প্রদানকৃত কক্ষটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করার এবং অন্যান্য ইউপি চেয়ারম্যানদের সাথে আলোচনা করে ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবনে ইউনিয়ন সমাজসেবা অফিসের ০১ (এক) টি কক্ষের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।<br>২। সহকারী সমাজসেবা অফিসার, কালিয়াকৈর, গাজীপুর<br>৩) ফিল্ড সুপার ভাইজার (সংযুক্তি), উপজেলা সমাজসেবা কার্যালয়, কালিয়াকৈর, গাজীপুর।<br>৪) ইউনিয়ন সমাজকর্মী (সকল), উপজেলা সমাজসেবা কার্যালয়, কালিয়াকৈর, গাজীপুর। |
| ০৩ | **ইউনিয়ন সমাজকর্মী ও কারিগরী প্রশিক্ষকদের ইউনিয়ন অফিস, ক্ষুদ্রঋণের মাঠ পরিদর্শন ও উপজেলা অফিসে দায়িত্ব পালন সম্পর্কে আলোচনা** : সদস্য সচিব সভাকে জানান যে, ইউনিয়ন সমাজকর্মী ও কারিগরী প্রশিক্ষকগণ ১/২ টি করে ইউনিয়নের দায়িত্বে নিয়োজিত রয়েছেন এবং সকলেই উপজেলা কার্যালয়ে অফিস করেন। সেবাগ্রহিতা/ভাতাভোগীরা যে কোন সমস্যায় উপজেলা কার্যালয়ে আসতে বাধ্য হন কিন্তু অধিকাংশ সমস্যা ইউনিয়ন অফিসেই সমাধান করা সম্ভব। ইউনিয়ন অফিসে বসে যেসকল সমস্যার সমাধান প্রদান সম্ভব নয় সে সকল সমস্যা সমাধানে সেবাগ্রহিতা/ভাতাভোগীদের উপজেলা অফিসে রেফার করা যাবে। সেবাগ্রহিতা/ভাতাভোগীদের দূর্ভোগ লাঘব ও জনগনের দোড়গোড়ায় সেবা প্রদানের লক্ষে ইউনিয়ন সমাজকর্মী ও কারিগরী প্রশিক্ষকগণ সপ্তাহে নূন্যতম একদিন ইউনিয়ন অফিসে সেবা প্রদান এবং একদিন ক্ষুদ্রঋণের ফিল্ড মুভমেন্ট ও বাকী দিন উপজেলা অফিসে অফিস করার জন্য সদস্য সচিব প্রস্তাব করেন। সদস্য সচিব সভাকে আরও প্রস্তাব করেন যে, যে সকল ইউনিয়ন সমাজ কর্মী/ কারিগরী প্রশিক্ষক দুইটি ইউনিয়নের দায়িত্বে তিনি দুই ইউনিয়ন অফিসে দুইদিন এবং একদিন ঋণের ফিল্ড মুভমেন্ট ও বাকী দিন উপজেলা অফিসে অফিস করবেন। | ইউনিয়ন সমাজকর্মী ও কারিগরী প্রশিক্ষকগণ সপ্তাহে নুন্যতম একদিন ইউনিয়ন অফিসে সেবা প্রদান করবেন, একদিন ঋণের ফিল্ড মুভমেন্ট ও বাকী দিন উপজেলা অফিসে অফিস করবেন এবং যে সকল ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক দুইটি ইউনিয়নের দায়িত্বে তিনি দুই ইউনিয়ন অফিসে দুইদিন এবং একদিন ঋণের ফিল্ড মুভমেন্ট ও বাকী দিন উপজেলা অফিসে অফিস করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।<br>২। সহকারী সমাজসেবা অফিসার, কালিয়াকৈর, গাজীপুর<br>৩) ফিল্ড সুপার ভাইজার (সংযুক্তি), উপজেলা সমাজসেবা কার্যালয়, কালিয়াকৈর, গাজীপুর।<br>৪) ইউনিয়ন সমাজকর্মী (সকল), উপজেলা সমাজসেবা কার্যালয়, কালিয়াকৈর, গাজীপুর। |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৪ | **ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশন সম্পর্কে আলোচনা:** সভাপতি সভাকে জানান যে, মৃত ভাতাভোগীদের ওয়ারিশগন কর্তৃক ভাতাভোগীর মৃত্যুর তথ্য গোপন করা; নিরুদ্দেশ ভাতাভোগীদের খোঁজে না পাওয়া; সুবর্ণ নাগরিক পরিচয় পত্র বিহীন প্রতিবন্ধী ভাতাভোগীদের সনাক্ত করা; ভাতাভোগীরা নিকট আত্মীয় বা অন্য কারো মোবাইল নাম্বারে টাকা প্রাপ্তি কি কি সমস্যার সম্মুখীন হচ্ছেন তা জেনে সমাধানের চেষ্টা; ভাতা পেতে গিয়ে ভাতাভোগীরা কি কি টেকনিক্যাল সমস্যার সম্মুখীন হচ্ছেন চিহ্নিত করে টেকনিক্যাল টিমকে জানানো এবং প্রতিবন্ধী ভাতাভোগীদের মৃত্যুর তথ্য নিশ্চিত হয়ে DIS এর তালিকা হালনাগাদ নিশ্চিত করার নিমিত্ত কালিয়াকৈর উপজেলা সমাজসেবা কার্যালয়ের অধীনে কালিয়াকৈর পৌরসভা ও ০৯ টি ইউনিয়নে বয়স্ক ভাতা, বিধবা ভাতা ও প্রতিবন্ধী ভাতার লাইভ ভেরিফিকেশন কার্যাক্রম চলমান রয়েছে। এমতাবস্থায়, প্রতিটি ইউনিয়নে সকল ভাতাভোগীর লাইভ ভেরিফিকেশন সুষ্ঠভাবে সম্পন্ন করার জন্য সদস্য সচিব প্রস্তাব করেন। | সভায় কালিয়াকৈর পৌরসভা ও প্রতিটি ইউনিয়নের সকল ভাতাভোগীর লাইভ ভেরিফিকেশন প্রতিটি ওয়ার্ডে সম্পন্ন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়াকৈর, গাজীপুর। ২। সহকারী সমাজসেবা অফিসার, কালিয়াকৈর, গাজীপুর ৩। ইউনিয়ন সমাজ কর্মী/ কারিগরী প্রশিক্ষক (সকল)। |
| ০৫ | **ঋণের আদায় ও জমা রশিদ:** ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক কর্তৃক ঋণের আদায় ও জমা রশিদ রির্পোট এর আগে ফিল্ড সুপারভাইজারের নিকট প্রদর্শন করার জন্য ফিল্ড সুপারভাইজার প্রস্তাব করেন। সদস্য সচিব, আর,এস, এস ও আর. এম.সির রির্পোট প্রতি মাসের ১৭ তারিখের মধ্যে ফিল্ড সুপার ভাইজারের নিকট জমা প্রদানের প্রস্তাব করেন। | সভায় ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক কর্তৃক আদায়কৃত ঋণের আদায় ও জমা রশিদ রির্পোটের আগে ফিল্ড সুপারভাইজারের নিকট প্রদর্শন করবে এবং আর.এস.এস ও আর.এম. সির রির্পোট প্রতি মাসের ১৭ তারিখের মধ্যে ফিল্ড সুপার ভাইজারের নিকট জমা প্রদান করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়াকৈর, গাজীপুর। ২। সহকারী সমাজসেবা অফিসার, কালিয়াকৈর, গাজীপুর। ৩। ফিল্ড সুপারভাইজার, কালিয়াকৈর, গাজীপুর। ৪। ইউনিয়ন সমাজ কর্মী/ কারিগরী প্রশিক্ষক (সকল)। |
| ০৬ | **ক্ষুদ্র ঋণের তালিকা হালনাগাদ ও ক্ষুদ্র ঋণের ডিজিটাইজেশন সম্পর্কে আলোচনা:** সভাপতি সভাকে জানান যে, সকল ক্ষুদ্র ঋণের ডিজিটাইজেশনের লক্ষ্যে প্রস্তুতকৃত Micro Credit Management System (MCMS) এর পাইলটিং ইউনিট হিসেবে নির্বাচিত ১১ টি ইউনিটের মধ্যে কালিয়াকৈর উপজেলা রয়েছে। এই লক্ষ্যে পূর্ব থেকে শুরু হওয়া গ্রাম ভিত্তিক ঋণগ্রহীতার হালনাগাদ তালিকা প্রস্তুত; ২০২২ সালের জুন মাস পর্যন্ত ব্যাংক স্টেটমেন্ট এর ভিত্তিতে মূলধন, সার্ভিস চার্জ, সঞ্চয় ও সুদের সঠিক হিসাব নিরুপণ এবং সকল খাতের ক্ষুদ্রঋণ হিসাবে প্রাপ্ত বরাদ্দের সাথে অধিদপ্তরের বরাদ্দের হিসাব মিলানোর কাজের অগ্রগতি সম্পর্কে বিস্তারিত জানতে চান। ফিল্ড সুপারভাইজার (সংযুক্তি) জানান যে, উপর্যুক্ত কার্যক্রমগুলো ২০২১ সালের ডিসেম্বর পর্যন্ত হালনাগাদ রয়েছে এবং ২০২২ সালের জুন পর্যন্ত হালনাগাদ করনের কাজ চলমান রয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | সভায় সকল ক্ষুদ্র ঋণের গ্রাম ভিত্তিক ঋণগ্রহীতার হালনাগাদ তালিকা প্রস্তুত; ২০২২ সালের জুন মাস পর্যন্ত ব্যাংক স্টেটমেন্ট এর ভিত্তিতে মূলধন, সার্ভিস চার্জ, সঞ্চয় ও সুদের সঠিক হিসাব নিরুপণ এবং সকল খাতের ক্ষুদ্রঋণ হিসাবে প্রাপ্ত বরাদ্দের সাথে অধিদপ্তরের বরাদ্দের হিসাব মিলানোর কাজ আগামী ১৪ আগস্ট ২০২২ তারিখের মধ্যে সম্পন্ন করে পর্যায়ক্রমে MCMS সফটওয়্যারে আপলোড করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়াকৈর, গাজীপুর। ২। সহকারী সমাজসেবা অফিসার, কালিয়াকৈর, গাজীপুর। ৩। ফিল্ড সুপারভাইজার, কালিয়াকৈর, গাজীপুর। ৪। ইউনিয়ন সমাজ কর্মী/ কারিগরী প্রশিক্ষক (সকল)। |
| ০৭ | **প্রতিবন্ধী উপবৃত্তির আবেদন, হালনাগাদ তথ্য ও সব ধরনের ভাতা প্রতিস্থাপনের তালিকা প্রদান সম্পর্কে আলোচনা:** সভাপতি জানান যে, উপবৃত্তির তালিকা হালনাগাদের জন্য সুবর্ণ নাগরিক পরিচয় পত্র প্রদানের সময় যে সকল প্রতিবন্ধী ব্যাক্তি বিভিন্ন প্রতিষ্ঠানে পড়াশুনা করে তাদের আবেদন করিয়ে রাখা যেতে পারে এবং ভাতাভোগীদের লাইভ ভেরিফিকেশনের আওতায় আনা যেতে পারে। সদস্য সচিব যে সকল প্রতিবন্ধী উপবৃত্তি প্রাপ্ত ছাত্রছাত্রী পড়াশুনা করেনা বা পড়াশনা শেষ তাদেরকে প্রতিবন্ধী ভাতার আওতায় আনার প্রস্তাব করেন। | সভায় ২০২২ সালের সেপ্টেম্বর মধ্যে প্রতিবন্ধী উপবৃত্তির নতুন আবেদন গ্রহন, তাদের লাইভ ভেরিফিকেশন এবং তথ্য হালনাগাদপূর্বক প্রয়োজনীয় প্রতিস্থাপন করার মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়াকৈর, গাজীপুর। ২। সহকারী সমাজসেবা অফিসার, কালিয়াকৈর, গাজীপুর ৩। ইউনিয়ন সমাজ কর্মী/ কারিগরী প্রশিক্ষক (সকল)। |
| ০৮ | **NGO ও স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের তালিকা সম্পর্কে আলোচনা:** সভাপতি জানান যে, ইউনিয়ন ভিত্তিক সকল এনজিও এর তালিকা প্রস্তুতের জন্য এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভায় সিদ্ধান্ত হয়েছে। সদস্য সচিব ইউনিয়ন সমাজ কর্মী/কারিগরী প্রশিক্ষকগনের দায়িত্বরত ইউনিয়নে পরিচালিত NGO সমূহের এবং সক্রিয় সেচ্ছাসেবী | ইউনিয়ন সমাজকর্মী ও কারিগরী প্রশিক্ষকগনের দায়িত্বরত ইউনিয়নে পরিচালিত NGO সমূহের নাম, শাখা প্রধানের নাম, যোগাযোগের ঠিকানা ও মোবাইল নাম্বার এবং সক্রিয় স্বেচ্ছাসেবী | ১। সহকারী সমাজসেবা অফিসার, কালিয়াকৈর, গাজীপুর ২। মোঃ আজহারুল ইসলাম, অফিস সহকারী |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | প্রতিষ্ঠান সমূহের তালিকা হালনাগাদ করে ৩১ জুলাই/২০২২ খ্রি: এর মধ্যে অফিসে জমা প্রদান করার প্রস্তাব করেন। | প্রতিষ্ঠানের হালনাগাদ তালিকা ৩১ জুলাই/২০২২ খ্রি. এর মধ্যে অফিসে জমা প্রদান করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | কাম-কম্পিউটার অপারেটর ৩। ইউনিয়ন সমাজ কর্মী/ কারিগরী প্রশিক্ষক (সকল)। |
| ০৯ | **রোগী কল্যাণ সমিতির অফিসে দায়িত্ব পালন সম্পর্কে আলোচনা:** ফিল্ড সুপারভাইজার (সংযুক্তি) রোগীকল্যাণ সমিতির অফিসে নিয়মিত অফিস করার মাধ্যমে রোগীদের সেবা প্রদানের কার্বযক্রমকে আরো বেগবান করার প্রস্তাব করেন। | সভায় রোগী কল্যাণ সমিতিতে দায়িত্ব পালনের নিমিত্ত ১২ জানুয়ারী ২০২২ খ্রি: এর অফিস আদেশ যার স্মারক নাম্বার: ৪১.০১.৩৩৩২.০০০.১৮.০০১.২২.০৬ মূলে দায়িত্ব পালনের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। জনাব মো: নাছির উদ্দিন, ফিল্ড সুপার ভাইজার (সংযুক্তি)<br>২। মোসাঃ রোকেয়া আক্তার, ইউনিয়ন সমাজ কর্মী,উপজেলা সমাজসেবা কার্যালয়, কালিয়াকৈর, গাজীপুর।<br>৩। মোঃ জয়নাল আবেদীন, ইউনিয়ন সমাজ কর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, কালিয়াকৈর, গাজীপুর। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।।

২১/০৭/২০২২

(মিজানুর রহমান)
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সভাপতি
উপজেলা সমাজসেবা কার্যালয়ের অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভা কমিটি
কালিয়াকৈর, গাজীপুর

স্মারক নং: ৪১.০১.৩৩৩২.০০০.১৮.০০২.২২.২১৬(৮)

তারিখ: ২১/০৭/২০২২ খ্রি:

অনুলিপি ও সদয় জ্ঞাতার্থে:
১) পরিচালক (সামাজিক নিরাপত্তা/কার্যক্রম/হাসপাতাল ও প্রবেশন), সমাজসেবা অধিদপ্তর, ঢাকা।
২) পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা।
৩) উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, গাজীপুর।
৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর।
৫) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়াকৈর, গাজীপুর।
৬) মেয়র, কালিয়াকৈর পৌরসভা, গাজীপুর।
৭) চেয়ারম্যান,.................., ইউনিয়ন পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর।
৮) অফিস কপি।

21.07.2022

(মো: গোলাম সারোয়ার)
সহকারী সমাজসেবা অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা সমাজসেবা কার্যালয়ের অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভা কমিটি

কালিয়াকৈর, গাজীপুর

Scanned with CamScanner